

“যদিও মানছি দূরত্ব
তবুও আছি সংযুক্ত”

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাইকগাছা, খুলনা



ডিজিটাল বাংলাদেশ দিবস' ২০২০ উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভার কার্যবিবরণী

সভাপতি	এ.বি.এম. খালিদ হোসেন সিদ্দিকী উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	২৫ নভেম্বর, ২০২০ খ্রি.
সভার সময়	বিকাল ৩.০০ ঘটিকা
স্থান	উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।
উপস্থিতি	গৃথক রেজিস্টারে সংরক্ষিত রয়েছে

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় আগামী ১২ ডিসেম্বর ২০২০ খ্রি. তারিখ দেশব্যাপী ৪র্থ বারের মত 'ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০' উদযাপিত হবে। সভায় উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে এবং পত্রের নির্দেশনা মোতাবেক পাইকগাছা উপজেলায় ১২ ডিসেম্বর ২০২০ খ্রি. তারিখ 'ডিজিটাল বাংলাদেশ দিবস'-২০২০ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। দিবসটি উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠান যেমন উপস্থিত বক্তৃতা, সেমিনার, চিত্রাংকন ও কুইজ প্রতিযোগিতা ইত্যাদি কার্যক্রম পরিচালিত হবে। এবারের প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করা হয়েছে

“যদিও মানছি দূরত্ব
তবুও আছি সংযুক্ত”

অতঃপর বিস্তারিত আলোচনান্তে উপস্থিত সকলের মতামতের প্রেক্ষিতে নিম্নোক্ত কর্মসূচী গ্রহণ করা হয়।

ক্রম	তারিখ ও সময়	কর্মসূচী	স্থান	বাস্তবায়নে
১	০৯-১২-২০২০ সকাল ১০.০০টা	উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা ৬ষ্ঠ-১০ম শ্রেণী বিষয়ঃ ডিজিটাল বাংলাদেশ সম্পর্কিত বিষয়ের উপর	Online Platform: Zoom Zoom ID-4564196837 Passcode-123456	সংশ্লিষ্ট উপকমিটি
২	১০-১২-২০২০ সকাল ১০.০০টা	চিত্রাংকন প্রতিযোগিতা ১ম-৫ম শ্রেণী বিষয়ঃ আমার তুলিতে ডিজিটাল বাংলাদেশ	উপজেলা শিল্পকলা একাডেমী	সংশ্লিষ্ট উপকমিটি
৩	১২-১২-২০২০ সকাল ১০.০০ টা	মূল অনুষ্ঠান সরাসরি প্রচার	উপজেলা পরিষদ মিলনায়তন, ইউনিয়ন পরিষদ	সংশ্লিষ্ট উপকমিটি, ইউপি চেয়ারম্যান (সকল)
৪	১২-১২-২০২০ সকাল ১০.৩০টা	“যদিও মানছি দূরত্ব তবুও আছি সংযুক্ত” বিষয়ক সেমিনার	উপজেলা পরিষদ মিলনায়তন	সংশ্লিষ্ট উপকমিটি

সভার বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়

১। চিত্রাংকন, উপস্থিত বক্তৃতায় প্রতিযোগিতায় ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। চিত্রাংকন ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান হতে সর্বোচ্চ দুই জন প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবেন।

২। কেন্দ্রীয় কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য/ বিস্তারিত নিয়মাবলী জানতে <https://quiz.digitalbangladesh.gov.bd> ওয়েব সাইটে গিয়ে রেজিস্ট্রেশন করতে হবে। নিবন্ধনের শেষ সময়: ৭ ডিসেম্বর ২০২০, রাত ১১ : ৫৯ পর্যন্ত।

প্রতিযোগিতার তারিখ: ৮ ডিসেম্বর ২০২০ রাত (০৯ থেকে ১০ টা) পর্যন্ত। প্রতিযোগিতায় ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ মূল অনুষ্ঠান সকাল ১০.০০ ঘটিকায় প্রজেক্টরের মাধ্যমে সরাসরি প্রচার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৪। 'ডিজিটাল বাংলাদেশ দিবস'-২০২০ সূষ্ঠ ও সুন্দরভাবে আয়োজনের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো-

উদযাপন কমিটি

১। উপজেলা নির্বাহী অফিসার	আহবায়ক
২। সহকারী কমিশনার (ভূমি)	সদস্য
৩। সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা	সদস্য
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	সদস্য
৫। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার	সদস্য
৬। উপজেলা সমাজসেবা অফিসার	সদস্য
৭। অধ্যক্ষ, পাইকগাছা সরকারি কলেজ	সদস্য
৮। প্রধান শিক্ষক, পাইকগাছা সরকারি উচ্চ বিদ্যালয়	সদস্য
৯। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর	সদস্য সচিব

সেমিনার পরিচালনা কমিটি:

২। সহকারী কমিশনার (ভূমি)	আহবায়ক
৩। সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা	সদস্য
৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর	সদস্য

উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা পরিচালনা/বিচারক কমিটি:

১। উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা, খুলনা	আহবায়ক
২। উপজেলা সমাজসেবা অফিসার, পাইকগাছা, খুলনা	সদস্য
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাইকগাছা, খুলনা	সদস্য
৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর	সদস্য

চিত্রাংকন প্রতিযোগিতা পরিচালনা/বিচারক কমিটি:

১। উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা, খুলনা	আহবায়ক
২। উপজেলা শিক্ষা অফিসার, পাইকগাছা, খুলনা	সদস্য
৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর	সদস্য
৪। জনাব নিহার রঞ্জন ভদ্র, মোবাইল নং-০১৭৮৭৪৬৫৪৭৪	সদস্য

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে 'ডিজিটাল বাংলাদেশ দিবস'-২০২০ সফলভাবে উদযাপনের লক্ষে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভাপতি সভা সমাপ্তি ঘোষণা করেন।

এ.বি.এম. খালিদ হোসেন সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৭৬৪.০০০.৬২.০০৪.২০.৭০৯১

তারিখ: ০১ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মাননীয় সংসদ সদস্য ১০৪, খুলনা-০৬
- ২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
- ৪) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, খুলনা
- ৫) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাইকগাছা, খুলনা।
- ৬) উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সদস্য (সকল), পাইকগাছা, খুলনা।
- ৭) উপজেলা কর্মকর্তা (সকল) পাইকগাছা
- ৮) অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার (শেখ রাসেল ডিজিটাল ল্যাব) প্রাপ্ত, পাইকগাছা, খুলনা।
- ৯) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), পাইকগাছা, খুলনা।
- ১০) সচিব, ইউনিয়ন পরিষদ (সকল), পাইকগাছা, খুলনা।
- ১১) ইউডিসি উদ্যোক্তা (সকল), পাইকগাছা, খুলনা।

এ.বি.এম. খালিদ হোসেন সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার